# সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্লান (এসআইপি)

জনগনের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় দেশের অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্তকরনের লক্ষ্যে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ এর ব্যবস্থাধীনে পরিচালিত ১৪টি ওপেন এন্ড মিউচ্যুয়াল ফান্ডে (সিডিএসভূক্ত ৯টি ও নন-সিডিএসভূক্ত ৫টি) বিনিয়োগ বৃদ্ধির নিমিত্ত সম্মানিত গ্রাহকের ব্যাংক হিসাব অটো ডেবিট প্রক্রিয়ায় (বিইএফটিএন প্রক্রিয়ায়) সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্ল্যান (এসআইপি) কার্যক্রম চালু করা হয়েছে, যা নিম্নোক্তভাবে সম্পাদিত হবেঃ

- এসআইপি গ্রাহকগণ মাসিক ভিত্তিতে ন্যূনতম ১,০০০ টাকা অথবা ১,০০০ টাকার গুনিতক এবং ত্রৈমাসিক ভিত্তিতে ন্যূনতম ৫,০০০ টাকা অথবা ৫,০০০ টাকার গুনিতক যে কোন পরিমান অর্থ বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক (বিইএফটিএন) এর মাধ্যমে এই সুবিধা গ্রহণ করতে পারবেন। এক্ষেত্রে প্রতি মাসের ১০ তারিখে সম্মানিত গ্রাহকের ব্যাংক হিসাব হতে সংশ্লিস্ট ফান্ডের ব্যাংকের মাধ্যমে অটো ডেবিট পদ্ধতিতে অর্থ সংগ্রহ করা হবে। উল্লেখ্য যে, মাসের ১০ তারিখ যদি বৃহস্পতিবার অথবা সাপ্তাহিক ছুটি বা সরকারী ছুটির দিন হয়, তবে পরবর্তী লেনদেনের তারিখে এসআইপি'র অর্থ সংগ্রহ করা হবে এবং উক্ত তারিখের/দিনের ইউনিটের মূল্য অনুযায়ী গ্রাহক ইউনিট বরাদ্দ প্রাপ্ত হবেন। এক্ষেত্রে Fractional অর্থ গ্রাহকের পরবর্তী কিস্তির সাথে সমন্বয় করা হবে। বুক ক্লোজারের সময়ে লেনদেন বন্ধ থাকে বিধায় এসআইপি'র জন্য অর্থ সংগ্রহ বন্ধ থাকবে;

- আলোচ্য সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্লান (এসআইপি) এর মেয়াদ ০৩ (তিন) বছর;

- আগ্রহী গ্রাহককে 'আবেদনপত্র' ও 'ইএফটি অটো ডেবিট ফরম' পূরনপূর্বক কোম্পানিতে জমা প্রদান করতে হবে। এক্ষেত্রে সম্মানিত গ্রাহকগনকে শুধুমাত্র একবার অফিস ভিজিটের প্রয়োজন হবে। আবেদনপত্রের তথ্যাদি সফটওয়্যারে ইনপুট দিয়ে গ্রাহককে তাৎক্ষণিক একটি Acknowledgement Receipt প্রদান করা হবে;

- আবেদনকৃত গ্রাহকদের স্ব-স্ব ব্যাংক হিসাবে নির্ধারিত পরিমান অর্থ নিশ্চিত করার জন্য অর্থ সংগ্রহের পূর্বে কোম্পানি কর্তৃক এসএমএস (SMS) প্রেরণ করা হবে;

- সম্মানিত গ্রাহকগনের ব্যাংক অ্যাকাউন্ট হতে অটো ডেবিট প্রক্রিয়ায় অর্থ সংগ্রহের পর পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট গ্রাহকগনের অনুকূলে একক স্ক্রিপ্ট (Single Script) সার্টিফিকেট ইস্যু করা হবে। উল্লেখ্য যে, সিডিএসভূক্ত নয়টি ফান্ডের ক্ষেত্রে বছর শেষে ইউনিটসমূহ গ্রাহকদের বিও অ্যাকাউন্টে প্রেরণ করা হবে; এবং

- গ্রাহকগন সিআইপি, লিয়েন ও ট্যাক্সসহ বিদ্যমান সকল সুবিধাদি প্রাপ্য হবেন।

ICB Asset Management Company Ltd. DHAKA